

**বিরল উপজেলায় নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে  
নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ মোছাঃ আফছানা কাওছার  
উপজেলা নির্বাহী অফিসার,  
বিরল, দিনাজপুর।

আলোচ্য মাসঃ অক্টোবর/২০২৩  
তারিখঃ ১৩/১১/২০২৩ খ্রিঃ  
রোজঃ সোমবার  
সময়ঃ সকাল- ১১.০০ ঘটিকা  
স্থানঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্য গণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। তিনি জানান বিরল উপজেলায় নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি সম্পর্কে এখন পর্যন্ত কোন সংবাদ পাওয়া যায়নি। বিরল উপজেলায় কোথাও কোন স্ট্যাম্প জালিয়াতি/মজুদ করার সংবাদ পেলে তাৎক্ষণিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, বিরল থানা, সাব-রেজিস্ট্রার, বিরল, দিনাজপুর বরাবর সংবাদ দেয়ার জন্য অনুরোধ জানান। পরবর্তী মাস হতে সাব রেজিস্ট্রার, বিরল, দিনাজপুরকে সভায় নিয়মিত উপস্থিত থাকতে বলেন। অতঃপর সভাপতি উপস্থিত সদস্যবৃন্দের স্ট্যাম্প সংক্রান্ত কোন সমস্যা থাকলে তা তুলে ধরার জন্য অনুরোধ জানান।

স্ট্যাম্প ভ্যান্ডারগণ সভায় জানান যে, বর্তমানে সকল মূল্যের স্ট্যাম্প সরবরাহ কম থাকায় তা বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি স্ট্যাম্পের সরবরাহ বাড়ানোর বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এ সংশ্লিষ্ট দপ্তরকে অবগত করবেন মর্মে সভায় আলোচনা করেন। এছাড়া সাধারণ জনগণ জমি রেজিস্ট্রি করার পর মূল দলিল প্রাপ্তির রশিদ যেন তাৎক্ষণিকভাবে বুঝে পান সে বিষয়ে জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সাব রেজিস্ট্রার, বিরল, দিনাজপুরকে অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ-**

- ০১) স্ট্যাম্প ভেডারগণকে স্ট্যাম্প জালিয়াতিসহ স্ট্যাম্প মজুদ না করার জন্য অনুরোধ করা হয়।
- ০২) স্ট্যাম্প ভেডারগণকে স্ট্যাম্প উত্তোলন এবং বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩) স্ট্যাম্পের কৃত্রিম সংকট সৃষ্টি হলে তাৎক্ষণিক ভাবে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য অনুরোধ করা হয়।
- ০৪) স্ট্যাম্প ভেডারদেরকে স্ট্যাম্প সিল এবং স্বাক্ষর দিয়ে বিক্রয়ের জন্য অনুরোধ করা হয়।
- ০৫) প্রত্যেক স্ট্যাম্প ভেডারদেরকে বৈধ লাইসেন্স নিয়ে ব্যবসা করার জন্য অনুরোধ করা হয়।
- ০৫) প্রত্যেক স্ট্যাম্প ভেডারদেরকে বৈধ লাইসেন্স নিয়ে ব্যবসা করার জন্য অনুরোধ করা হয়।
- ০৬) সাব রেজিস্ট্রার, বিরল, দিনাজপুরকে নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে বিষয়ক সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হয়।



০৭) সাব-রেজিস্ট্রি অফিসের সম্মুখভাগে সিটিজেন চার্টার দৃশ্যমান রাখার বিষয়ে জানানো হয়।

পরিশেষে বিরল উপজেলায় নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৩/১১/২০২৩

(মোহাঃ আফহানা কাওছার)

সভাপতি

উপজেলা নন-জুডিশিয়াল ও জুডিশিয়াল স্ট্যাম্প  
জালিয়াতি রোধ কমিটি।

ও

উপজেলা নির্বাহী অফিসার  
বিরল, দিনাজপুর।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বিরল, দিনাজপুর।  
[www.birol.dinajpur.gov.bd](http://www.birol.dinajpur.gov.bd)

স্মারক নং- ০৫.৫৫.২৭১৭.০০০.১৪.০০৩.২৩-১৮৫৫

তারিখঃ- ১৩/১১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ০৩। উপজেলা.....অফিসার, বিরল, দিনাজপুর।
- ০৪। অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।
- ০৫। চেয়ারম্যান..... ইউ,পি, (সকল), বিরল, দিনাজপুর।
- ০৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, বিরল, দিনাজপুর। তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। জনাব..... বিরল, দিনাজপুর।
- ০৮। অফিস কপি।



১৩/১১/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার  
বিরল, দিনাজপুর।